

الْخَبِير

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম 'আসমাউল হুসনার' ৩২ তম নাম 'الْخَبِير' আজকের আলোচনার বিষয়। আরবি ভাষায় 'الْخَبِير' শব্দের মূল ر - ب - خ , এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ৫২ বার এসেছে। খবর তথ্য সমস্ত খবর জানেন ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ الْخَبِير অর্থ: 'তিনি সব খবর জানেন'।

মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:

أَلَا يَعْلَمُ مَنْ خَلَقَ وَهُوَ اللَّطِيفُ الْخَبِيرُ ﴿١٤﴾

যিনি সৃষ্টি করেছেন তিনি কি জানবেন (তোমাদের গোপন ও প্রকাশ্য কথা) না? অথচ তিনি হলেন সূক্ষদর্শী, সব অবগত। (সূরা আল মূলক: আয়াত নং ১৪)

الْحَمْدُ لِلَّهِ الَّذِي لَهُ مَا فِي السَّمَاوَاتِ وَمَا فِي الْأَرْضِ وَلَهُ الْحَمْدُ فِي الْآخِرَةِ وَهُوَ
الْحَكِيمُ الْخَبِيرُ ﴿١﴾

সমস্ত প্রশংসা আল্লাহর, যিনি মালিক মহাকাশ ও পৃথিবীতে যা কিছু আছে সব কিছুর। আখেরাতেও সমস্ত প্রশংসা তাঁর। তিনি প্রজ্ঞাবান, সর্ব বিষয়ে জ্ঞাত। (সূরা সাবা: আয়াত নং ১)

إِنَّ اللَّهَ عِنْدَهُ عِلْمُ السَّاعَةِ وَيُنَزِّلُ الْغَيْثَ وَيَعْلَمُ مَا فِي الْأَرْحَامِ وَمَا تَدْرِي نَفْسٌ مَّاذَا
تَكْسِبُ غَدًا وَمَا تَدْرِي نَفْسٌ بِأَيِّ أَرْضٍ تَمُوتُ إِنَّ اللَّهَ عَلِيمٌ خَبِيرٌ ﴿١٠٣﴾

অবশ্যই কেয়ামতের জ্ঞান রয়েছে কেবল আল্লাহর কাছে। তিনিই নাযিল করেন বৃষ্টি। তিনিই জানেন মাতৃগর্ভে কি আছে? কোন ব্যক্তিই জানে না আগামীকাল সে কি অর্জন করবে এবং কোন ব্যক্তি জানে না কোন স্থানে তার মরন হবে। নিশ্চয়ই আল্লাহ জ্ঞানী, সব বিষয়ে অবহিত। (সূরা লোকমান: আয়াত নং ১০৩)

মুসলিম শরীফের হাদিস-

রাসূল (সা:) এক বাজারের মধ্য দিয়ে যাচ্ছিলেন, সেখানে রাস্তার পাশে তিনি একটি মরা ভেরা দেখতে পেলেন যার কান দু'টি খুবই ছোট ছিল। যারা তার সাথে হাটছিলেন তিনি তাদেরকে জিজ্ঞেস করলেন- এই ভেরাটি, কে এক দিরহাম দিয়ে খরিদ করবে? তারা বলল: এটি এক দেরহাম বা তার চেয়ে কম মূল্যেও আমরা কেউই খরিদ করব না। কারণ এটি আমাদের কোন কাজে আসবে না। রাসূল (সা:) বললেন: বিনামূল্যে কেউ কি এটা খরিদ করবে? তারা বলল: আল্লাহর শপথ! আমরা কেউই এটাকে বিনামূল্যেও খরিদ করবো না। কারণ এটা ঋটিযুক্ত খুবই ছোট দুটি কান, তদুপরি ভেরাটি এখন মৃত। তখন রাসূল (সা:) বললেন: এই দুনিয়া আল্লাহর নিকট এই মৃত ছোট দুটি কানযুক্ত ভেরাটির চেয়েও নগণ্য।

এই দুনিয়া ক্ষণস্থায়ী, টাকা পয়সা, বাড়ি ঘর, আত্মীয়-স্বজন, বন্ধু-বান্ধব ছেড়ে আমাদেরকে চলে যেতে হবে। আখেরাতের জীবন স্থায়ী। সেই জীবনের জন্য পাথেয় সংগ্রহ করতে হলে, আল্লাহ ও রাসূলের নির্দেশিত পথে আমাদের চলতে হবে।

আসুন, আল্লাহর সাথে কাউকে শরীক না করে দুনিয়ায় আমরা জীবন যাপন করি। কারণ শিরিকের গুনাহ আল্লাহ ক্ষমা করবেন না। আল্লাহ আমাদের সাহায্য করুন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবরাকাতুহা।